



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখাশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/কক্সবাজার-৬২/ ২৭৫২

তারিখঃ ৬/১১/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/কক্সবাজার-৬২/৪২০; তারিখঃ ০৭/০৯/২০১৭খ্রিঃ
২) স্মারক নং-উনিঅ/মহেশ/২০১৭-৪০৭; তারিখঃ ১৬/০৮/২০১৭ইং
৩) নং- বামাশিবো/প্রশা/কক্সবাজার-৬২/২০৬৬; তারিখঃ ০৬/১১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন শাহমজিদিয়া বালিকা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপার এর বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, স্বৈচ্ছাচারিতা, অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে অভিভাবক সদস্য জনাব মোস্তাফিজুর রহমান একথানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন।

অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার-কে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার তদন্ত পূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, কমিটির সভাপতি ও সুপার একে অপরের যোগসাজসে সদস্যদের মতামত উপেক্ষা করে স্বৈচ্ছাচারিতার মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করেন মর্মে উল্লেখ করা হয়।

প্রতিষ্ঠানের স্বার্থে তদন্ত প্রতিবেদনের আলোকে এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার জবাব দাখিল করার জন্য সভাপতি ও সুপারকে ১ নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি ও সুপার যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৮৯৫/নথি নং-কক্স-৬২; তারিখঃ ২৫/০২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৭.১১.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, শাহমজিদিয়া বালিকা দাখিল মাদ্রাসা, মহেশখালী, কক্সবাজার।

নং- বামাশিবো/প্রশা/কক্সবাজার-৬২/

তারিখঃ /১১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার।
২. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশখালী, কক্সবাজার।
৪. জনাব মোস্তাফিজুর রহমান, অভিভাবক সদস্য, ম্যানেজিং কমিটি, শাহমজিদিয়া বালিকা দাখিল মাদ্রাসা, মহেশখালী, কক্সবাজার
৫. সভাপতি/সদস্যবৃন্দ, ভেঙ্গে দেয়া ম্যানেজিং কমিটি, শাহমজিদিয়া বালিকা দাখিল মাদ্রাসা, মহেশখালী, কক্সবাজার।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪